গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সমন্বয়ে অনুষ্ঠিত ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খায়রুল কবীর মেনন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৯ নভেম্বর ২০২৩ |
| সভার সময় | বেলা ১১:৩০ টা |
| স্থান | আইসিটি প্রশিক্ষণ কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব (সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ) কে অনুরোধ জানান। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি চলতি অর্থবছরে প্রতি ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ এবং কার্যকরভাবে বাস্তবায়নকরণ।**

**১.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২.১ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিকভিত্তিতে সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ এবং কার্যকরভাবে বাস্তবায়ন করার উপর বিস্তারিত আলোচনা করেন। সভায় এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় উল্লেখ করেন, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ২৬ সেপ্টেম্বর ২০২৩, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ২২ সেপ্টেম্বর ২০২৩, কারা অধিদপ্তর ১৮ সেপ্টেম্বর ২০২৩ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ০৪ সেপ্টেম্বর ২০২৩ সর্বশেষ স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হ্যান্ডবুক মোতাবেক সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি চলতি অর্থবছরে ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকরণ কার্যক্রম অব্যহৃত রাখা এবং স্ব স্ব অধিদপ্তর কর্তৃক কার্যকরভাবে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন। সভাপতি আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি চলতি অর্থবছরে ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকরণ কার্যক্রম প্রতি ত্রৈমাসিকের শেষ মাসের ২০ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য মত প্রদান করেন।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং মাননীয়

প্রধানমন্ত্রীর কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হ্যান্ডবুক মোতাবেক সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি চলতি অর্থবছরে ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং স্ব স্ব অফিসের ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিকের শেষ মাসের ২০ তারিখের মধ্যে আপলোড করতে হবে;
(খ) আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে, আওতাধীন মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালানাগকরণ তদারকি এবং প্রতি ত্রৈমাসিকে সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করবে;
(গ) আওতাধীন অধিদপ্তরসমূহের স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রমাণক (অফিস আদেশ) প্রস্তুতের সময় কি কি বিষয় হালনাগাদ করা হয়েছে তা সার-সংক্ষেপ আকারে উল্লেখ করতে হবে।

**২.০ আলোচ্য বিষয়: বিবিধ।**

**২.১ আলোচনা:** অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতিতে কিছু সেবার আবেদনের জন্য নির্ধারিত ফরম বর্তমানে বিদ্যমান নেই। সংশ্লিষ্ট সেবার জন্য নির্ধারিত ফরম প্রস্তুতপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতিতে ওয়েব লিঙ্ক আকারে সংযুক্ত করে দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। প্রমাণক হিসাবে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরের অফিস আদেশ এবং স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি সংরক্ষণের জন্য সভায় উপস্থিত সবাই মতামত দেন।

**২.২ সিদ্ধান্ত:**
(ক) আওতাধীন অধিদপ্তরসমূহ কর্তৃক সংশ্লিষ্ট সেবাসমূহের আবেদনের জন্য আবেদনের নির্ধারিত ফরম প্রস্তুতপূর্বক ওয়েব লিঙ্ক আকারে স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভূক্তপূর্বক পিডিএফ ফাইল আকারে অথবা HTML পেজ আকারে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;
(খ) ত্রৈমাসিক ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরের অফিস আদেশ প্রমাণক হিসাবে হার্ড কপিতে সংরক্ষণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ খায়রুল কবীর মেনন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.২৫৩

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০
১২ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ (সভার সিদ্ধান্ত মোতাবেক স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং কার্যকরভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো)
৩) যুগ্মসচিব (সংযুক্ত), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৪) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মোঃ আইয়ুব হোসেন
সিস্টেম এনালিস্ট